



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৭৯১৫২/রংপুর-২১৪/ ২২৩৭

তারিখ: ২০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## বিষয়: ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে


- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৭৯১৫২/রং-২১৪/১১৫৮/৩; তারিখ: ০৭.০৬.২০২০খ্রি:  
২) স্মারক নং-০৫.৪৭.০৭৭৭.০০৪.০০.০৭৮.২০-১৩২৩; তারিখ: ২৪/১১/২০২০খ্রিঃ  
৩) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৭৯১৫২/রংপুর-২১৪/১২৩৪; তারিখ: ১৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন আরাজী গংগারামপুর বালিকা দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে গোপনে জাল-জালিয়াতির মাধ্যমে কমিটি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখপূর্বক একাধিক অভিভাবকগণের স্বাক্ষরসহ জনাব মো: বাদশা মন্ডল কর্তৃক দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুরকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর সূত্রে উল্লিখিত ২নং স্মারকে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটি গঠনের বিষয়ে দাখিলকৃত অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-১২(৩) যথাযথভাবে প্রতিপালন না হওয়ায় অত্র বোর্ড হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানো হলে মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) যে জবাব দাখিল করেছেন, তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।


বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড কর্তৃক নং বামাশিবো/প্রশা/২২৪১৯১২৭৯১৫১/ ২২৮০৯/নথি নং -২১৪; তারিখ: ২১-০১-২০২০ খ্রি: স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মোঃ ওমর ফারুক)  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

প্রাপক: সুপার/ভারপ্রাপ্ত সুপার  
আরাজী গংগারামপুর বালিকা দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;


  
০৪/০১/২০২০

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৭৯১৫২/রংপুর-২১৪/ ২২৩৭


তারিখ: ২০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, রংপুর;
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর;
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঞ্চে দেয়া ম্যানেজিং কমিটি, আরাজী গংগারামপুর বালিকা দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর;
৫. জনাব মো: বাদশা মন্ডল (অভিযোগকারী), গ্রাম- খয়ারবাড়ী, ডাকঘর- জাফরপাড়া- ৫৪৭০, উপজেলা- পীরগঞ্জ, জেলা- রংপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

  
(মোঃ ওমর ফারুক)  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: [dradmin@bmeb.gov.bd](mailto:dradmin@bmeb.gov.bd)

  
০৪/০১/২০২০